তারিখ 27 MAR 2016
পৃষ্ঠা ৩৩ কলাম ৩

দৈনিক
ইত্তেফাক

# অডিটের টাকা না দেয়ায় শিক্ষকের বেতন বন্ধ

নাটোর প্রতিনিধি ॥ নাটোরের বাগাতিপাড়া উচ্চ বালিকা বিদ্যালয়ে মন্ত্রণালয়ের অডিটের দেড় লাখ টাকা দিতে না পারায় বেতন বন্ধ করার পর এক শিক্ষককে চাকরিচ্যুতির হুমকি দিয়েছেন প্রধান শিক্ষক কাইসার ওয়াদুদ বাবর। বাগাতিপাড়া উপজেলার ওই বিদ্যালয়ের ভোকেশনাল শাখার ড্রেস মেকিং এন্ড টেইলারিং বিষয়ের ট্রেড শিক্ষক উম্মে সালমা ১৯৯৭ সালের ২৭ এপ্রিল থেকে চাকরি করছেন। ওই সময়ে তিনজন প্রধান শিক্ষকের অধীনে দু'বার শিক্ষা মন্ত্রণালয়ের অডিট হয়। বর্তমান প্রধান শিক্ষক অডিট রিপোর্টের জন্য টাকা দাবি করেন। প্রধান শিক্ষকের চাপে ওই শিক্ষক ১০ হাজার টাকা দেয়ার পর তার কাছে আরো দেড় লাখ টাকা দাবি করা হচ্ছে। চাহিদা মতো টাকা না পাওয়ায় ওই শিক্ষকের বেতন বন্ধ করে চাকরি নেই বলে হাজিরা খাতায় স্বাক্ষর দিতে বারণ করে দেয়া হয়েছে। এমনকি তাকে বিদ্যালয়ে যেতেও নিষেধ করে দিয়েছেন প্রধান শিক্ষক। এদিকে শিক্ষক উম্মে সালমা অসুস্থ প্রতিবন্ধী শিশু সন্তান নিয়ে দিশেহারা হয়ে পড়েছেন। এ ব্যাপারে তিনি স্থানীয় সংসদ সদস্য, জেলা শিক্ষা অফিসার, ম্যানেজিং কমিটির সভাপতি, মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও জেলা দুর্নীতি দমন অফিসে লিখিত অভিযোগ করেছেন।